দেহাদিতে অহঙ্কারই হৃদয়ের গ্রন্থি, যাহারা অনবরত জ্ঞানসাধনের অঙ্গরূপ-শ্রবণ-মননাদিকেরই প্রধানরূপে অনুষ্ঠান করিতেছে, তাহাদেরও সেই পরমাত্মতত্ত্ব সাক্ষাৎকারেই সর্ব্বপ্রকার সংশয় মিটিয়া যায় ; তন্মধ্যে শ্রবণের দ্বারা জ্ঞেয় পরতত্ত্বগত অসম্ভাবনা নিবৃত্ত হয়, মনন দ্বারা জ্ঞেয়গত বিপরীত-ভাবনা নিবৃত্ত হয়, আত্মতত্ত্বসাক্ষাৎকারের দ্বারা কিন্তু নিজযোগ্যতাগত অসম্ভাবনা ও বিপরীতভাবনা নিবৃত্ত হয়—সংশয় নিবৃত্তির প্রকারটী এইরূপ বুঝিতে হইবে। ভগবদিচ্ছামাত্রেই নিখিল কর্ম্মক্ষয় হইয়া থাকে অর্থাৎ কৃত, ক্রিয়মাণ ও করিষ্যমাণ কর্ম্মের কিছুমাত্রও থাকে না—এইরূপ অর্থ বুঝিতে হইবে। যেহেতু ভক্তির অনুষ্ঠানের সঙ্গে কর্ম্মক্ষয় হইতে আরম্ভ হয়, কিন্তু সম্পূর্ণক্ষয়টী ভগবৎ সাক্ষাৎকারেই হইয়া থাকে—এস্থানের অভিপ্রায়টী এই ভাবেই বুঝিতে হইবে। এই প্রকরণে বর্ণিত বিষয়ে সদাচার দেখাইয়া প্রকরণটীর উপসংহার করিতেছেন। অতএব বিজ্ঞজন পরম আনন্দের সহিত ভগবান্ বাসুদেবে নিত্যচিত্তশোধনকারিণী ভক্তিটী করিয়া থাকেন ॥ ১৭ ॥

আত্মপ্রসাদনীং মনসঃ শোধনীম্। কেবলমেতাবদ্গুণত্বং তস্যাঃ কিঞ্চপরময়া মুদেতি কর্ম্মানুষ্ঠানবন্ন সাধনকালে সাধ্যকালে বা ভক্ত্যনুষ্ঠানং দুঃখরূপং প্রত্যুত সুখ-রূপমেবেত্যর্থঃ। অতএব নিত্যং সাধকদশায়াং সিদ্ধদশায়াঞ্চ তাবৎ কুর্ব্বন্তীত্যুক্তম্ ॥ ১ ॥ ২ ॥ শ্রীসূতঃ ॥ ৩—১৭ ॥

তদেবং কর্ম্মজ্ঞানবৈরাগ্যযত্নপরিত্যাগেন ভগবদ্ভক্তিরেব কর্ত্তব্যেতিমতম্। কর্ম্ম-বিশেষরূপং দেবতান্তরভজনমপি ন কর্ত্তব্যমিত্যাহ সপ্তভিঃ। তত্রান্যেষাং কা বার্ত্তা, সত্ত্যপি শ্রীভগবত এব গুণাবতারত্বে শ্রীবিষ্ণুবৎ সাক্ষাৎ পরব্রহ্মত্বাভাবাৎ সত্ত্বমাত্রোপ-কারকত্বাভাবাচ্চ প্রত্যুত রজস্তমোপবৃংহণত্বাচ্চ ব্রহ্মশিবাবপি শ্রেয়োঽর্থিভির্নো-পাস্যাবিত্যত্র দ্বৌ-শ্লোকৌ পরমাত্মসন্দর্ভ এবোদাহৃতৌ। সত্ত্বঃ রজস্তম ইতি প্রকৃতে-র্গুণাস্তৈর্যুক্তঃ পরঃ পুরুষঃ এক ইহাস্য ধত্তে। স্থিত্যাদয়ে হরিবিরিঞ্চিহরেতিসংজ্ঞাঃ শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাংস্যুঃ। পার্থিবাদ্দারুণো ধূমস্তস্মাদগ্নিস্ত্রয়ীময়ঃ। তমসস্তুরজস্তস্মাৎ সত্ত্বং যদ্ ব্রহ্মদর্শনমিতি। সত্ত্বতনোঃ সত্ত্বশক্তেঃ। ত্রয়ীময়স্ত্রয়ুক্ত-কর্ম্মপ্রচুরঃ। দারুস্থানীয়ংতমঃ। ধূমস্থানীয়ং রজঃ। অগ্নিস্থানীয়ং সত্ত্বঃ। ত্রয়ুক্ত-কর্ম্মস্থানীয়ং ব্রহ্ম। ত্রয়ুক্তকর্ম্ম যথাগ্নাবেব সাক্ষাৎ প্রবর্ত্ততে নান্যয়োস্তদ্বৎ পরব্রহ্মভূতো ভগবানপি সত্ত্ব এবেত্যর্থঃ। দেবতান্তরপরিত্যাগেনাপি ভগবদ্ভক্তৌ সদাচারং প্রমাণয়তি—ভেজিরে মুনয়োঽথাগ্রে ভগবন্তমধোক্ষজং। সত্ত্বং বিশুদ্ধং ক্ষেমায় কল্পন্তে যেঽনুতানিহ ॥ ১৮ ॥

"আত্মপ্রসাদনীং" অর্থাৎ মনঃশোধনকারিণী। ভক্তির কেবল এইমাত্র গুণ নহে, কিন্তু "পরময়া মুদা" অর্থাৎ কর্ম্মানুষ্ঠান যেমন সাধন ও সাধ্যকালে দুঃখ-প্রদ, কিন্তু ভক্তি অনুষ্ঠান সেরূপ নহে। ইহা সাধনেও সুখরূপ, সাধ্যকালেও